**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:22-04–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**LOKSABHA ELECTION :**

লোকসভা নির্বাচনের দ্বিতীয় ধাপের সরব প্রচার আগামীকাল বিকেলে শেষ হচ্ছে । রাজনৈতিক দলগুলির নেতারা তাদের প্রার্থীদের সমর্থনে সমাবেশ ও রোড শো করে ভোটারদের আকৃষ্ট করার সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। উল্লেখ্য, দ্বিতীয় দফায় কেরালার ২০ টি, কর্ণাটকের ১৪ টি, রাজস্থানে ১৩ টি, উত্তরপ্রদেশ ও মহারাষ্ট্রে ৮ টি করে, মধ্যপ্রদেশে ৭ টি, আসাম ও বিহারে ৫ টি করে, পশ্চিমবঙ্গ ও ছত্তিশগড়ে ৩ টি কিরে এবং ত্রিপুরা ও জম্মু কাশ্মীরে একটি করে আসনে আগামী ২৬শে এপ্রিল ভোট নেওয়া হবে।

**************************

**PM :**

প্রবীন BJP নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভবিষ্যতের প্রয়োজনমতো মৌলিক পরিকাঠামোগত সুবিধার উন্নয়ন, তরুনদের স্বপ্নের বাস্তবায়নে নীতি প্রনয়ন, নারী, কৃষক, দরিদ্র , বঞ্চিত ও অনগ্রসর শ্রেনীর উন্নতিকল্পে দেশে একটি স্থিতিশীল সরকার দরকার । প্রধানমন্ত্রী গতকাল রাজস্থানের জালোর ও বাঁশওয়ারায় নির্বাচনী জনসভায় ভাষণ দিছিলেন । তিনি জানান, দেশকে উন্নয়নের শিখরে নিয়ে যেতে তার সরকার কাজ করে যাচ্ছে ।

********************

**Political Campaign :**

দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনে পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত আসনের ভোট আগামী ২৬ শে এপ্রিল। নির্বাচন যত এগিয়ে আসছে বিভিন্ন দলের প্রার্থীদের সমর্থনে প্রচার তত জোরদার হচ্ছে। গতকাল বিজেপি নেতা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা উত্তর জেলার যুবরাজনগরে আয়োজিত নির্বাচনী জনসমাবেশে, বিরোধীদের সমালোচনা করে বলেন, দেশের সর্বাঙ্গীণ উন্নতি সাধনের লক্ষ্যে নিরন্তর কাজ করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তাঁর নেতৃত্বে দেশ ক্রমশ শক্তিশালী হয়ে উঠছে। আর কোন না কোনভাবে মানুষকে ভুল বুঝিয়ে বিভ্রান্ত করা হচ্ছে ইন্ডি জোটের শরিকদের কাজ। ধলাই জেলার সুরমায় অপর এক

সমাবেশে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের মানুষ বুঝতে পেরেছেন নির্বাচনের মুহূর্তে ইন্ডি জোটের বক্তব্য এবং প্রতিশ্রুতি নিছক নাটক ছাড়া কিছুই নয়। মানুষ এখন আর তাদের কথায় বিশ্বাস করে না। মানুষের কাছে যাওয়ার জন্য তাদের কোন ইস্যু নেই। এই লোকসভা নির্বাচন দেশের উন্নয়নের জন্য বলে মন্তব্য করেন তিনি।

অন্যদিকে, এই আসনের অন্তর্গত ধলাইজেলার আমবাসায় গতকাল এক নির্বাচনী সভায় সিপিএম নেতা রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার বলেন, এবারের নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের সংবিধান রক্ষা করতে, মানুষের মৌলিক অধিকার রক্ষায় এই নির্বাচনের গুরুত্ব রয়েছে বলে মন্তব্য করেন তিনি। দেশে গনতন্ত্র, সাংবিধানিক অধিকার বিপন্ন বলে অভিযোগ করেন তিনি।

*************************

**CM PUBLICITY:**

গতকাল পানিসাগর মহাকুমার উপ্তাখালি তহশিল কাছারি মাঠে ভারতীয় জনতা পার্টির উদ্যোগে এক জনসভায় উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষাদপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়, ভারতীয় জনতা পার্টি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ দলীয় কর্মকর্তারা। পূর্ব ত্রিপুরার লোকসভা আসনের বিজেপি দলের প্রার্থী কৃতি দেবী দেববর্মার

সমর্থনে  মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা তাঁর ভাষণে রাজ্যের কি কি উন্নয়ন হয়েছে এবং উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে, সে সমস্ত বিষয়বস্তু তুলে ধরেন।

*********************

**Election Suspended :**

সরকারী পদে থেকে একটি রাজনৈতিক দলের হয়ে কাজ করার অভিযোগে ও নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন করার দায়ে শান্তিরবাজার মহকুমার বগাফা পাবলিক লাইব্রেরীতে কর্মরত চতুর্থ শ্রেণীর কর্মচারী নাইটগার্ড  বিজয় কৃষ্ণ দাস গোস্বামীকে চাকরী থেকে সাময়ীক বরখাস্ত করা হয়েছে।  এছাড়া, সোসাইটি ফর এন্টারপেনারশিপ ডেভেলপমেন্ট (SoFED) এর সদস্য সচিবকে SoFED এর মাধ্যমে নিযুক্ত তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভিডিওগ্রাফার রাজেশ কুমার ঘোষ কে নির্বাচনী আচরণ বিধি লংঘন করার অভিযোগে তার কন্ট্রাক্ট সাময়িক বরখাস্ত করার জন্য সুপারিশ করা হয়েছে।

নির্বাচন দপ্তর থেকে গতকাল এই সংবাদ জানানো হয়েছে ।

**********************

**PRESIDENT :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে দেশের বিশিষ্ট নাগরিকদের পদ্ম পুরস্কার প্রদান করবেন । তিনি অরাক্তন উপরাষ্ট্রপতি এম. ভেনকাইয়া নাইডু ও ভারত নাট্যম নৃত্য শিল্পী ড: পদ্ম সুব্রহ্মানিয়মকে পদ্ম বিভূষণ পর্দা করবেন । বিদেশ্বর পথিককে মরণোত্তর পদ্ম বিভূষণ দেওয়া হবে । অবিনেতা মিথুন চক্রবর্তী ও গায়িকা উষা উত্থুপ পদ্মভূষণ পুরস্কার পাচ্ছেন। অন্যান্য পদ্ম বাসন পুরস্কার প্রাপকদের মধ্যে রয়েছেন – ড: সীতারাম জিন্দাল, কার্ডিওলোজিস্ট ড: তেজস মধুসুধন প্যাটেল, এবং উত্তরপ্রদেশের প্রাক্তন রাজ্যপাল রাম নায়েক ।

*******************

**UGC :**

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের জাতীয় যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা নাম নিবন্ধীকরনের প্রক্রিয়া শুরু করেছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। এই নিবন্ধীকরন প্রক্রিয়া আগামী ১০ই মে পর্যন্ত চলবে। আগ্রহীরা সরকারী ওয়েবসাইটে প্রদত্ত লিঙ্কের মাধ্যমে নাম নিবন্ধীকরণ করতে পারবেন। পরীক্ষা হবে আগামী ১৬ই জুন।

*******************

**FOOTBALL :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আটটি নতুন ক্লাবকে অনুমোদন দিয়েছে। টিএফএ অফিসে অনুষ্ঠিত গভর্নিং বডির বৈঠকে গত সন্ধ্যায় এই সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বৈঠক শেষে টিএফএ সচিব অমিত চৌধুরী জানান, মোট আটটি নতুন অনুমোদিত ক্লাবের মধ্যে তৃতীয় ডিভিশন খেলবে সাতটি ক্লাব। একটি ক্লাবকে মহিলা ফুটবলে খেলার অনুমোদন দেয়া হয়েছে। তিনি আরো জানান, বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়েছে আগামী ২৬ মে টিএফএ'র বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। ওই সভায় নতুন কমিটি গঠন করা হবে। বৈঠকে বিগত ২০২৩-২৪ অর্থ বছরের আয় ব্যয়ের হিসাবও সর্বসম্মতিতে গৃহীত হয়েছে।

***********************

**CRICKET :**

সমীরণ চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার ফাইন্যালে আজ সংহতি ক্লাব ও ইউনাইটেড ফ্রেন্ডস পরস্পরের মুখোমুখি হবে। এম বি বি স্টেডিয়ামে খেতাব দখলের এই লড়াই হবে।

**********************

**WEATHER :**

আজকের আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে । হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । গতকালের সর্বোচ্চ ও আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৩৭.২ এবং ২৭.৮ ডিগ্রী সেলসিয়াস । আজ দিনের তাপমাত্রা থাকবে সর্বোচ্চ ৩৬ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াস ।

*********************

***********************